



তারিখ : ২১ এপ্রিল, ২০২৪

স্মারক নং : রিহাব/আইন/মেম্বার/বার্ষিক চাঁদা/০৩/২০২৪/২২৯৬৭

বরাবর

সম্মানিত সদস্য

রিহাব।

বিষয় : বার্ষিক মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০২৪ পরিশোধ প্রসঙ্গে।

জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

যে সকল রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন- ২০২৪ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ৩১ মার্চ, ২০২৪ এর মধ্যে পরিশোধ করতে সমর্থ হননি তারা রিহাব সংঘবিধির IIB1 অনুচ্ছেদ মোতাবেক নির্ধারিত বিলম্ব ফি সহ নিম্নোক্ত হিসাবে পরিশোধ করতে পারবেন:-

(ক) বিলম্ব ফি ৫,০০০/- টাকা সহ (২৫,০০০+৫,০০০) মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা যদি ৩০ এপ্রিল, ২০২৪ এর মধ্যে পরিশোধ করা হয়।

(খ) বিলম্ব ফি ৭,৫০০/- টাকা সহ (২৫,০০০+৭,৫০০) মোট ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচ শত) টাকা যদি ৩১ মে, ২০২৪ এর মধ্যে পরিশোধ করা হয়।

(গ) বিলম্ব ফি ১০,০০০/- টাকা সহ (২৫,০০০+১০,০০০) মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা যদি ৩০ জুন, ২০২৪ এর মধ্যে পরিশোধ করা হয়।

যদি কোন সম্মানিত রিহাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান সর্বশেষ ৩০ জুন, ২০২৪ এর মধ্যে চলতি ২০২৪ সালের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন বিলম্ব ফি সহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে ব্যর্থ হন; তাহলে রিহাব সংঘ-বিধির IIB অনুচ্ছেদ অনুযায়ী বার্ষিক সাবস্ক্রিপশন খেলাপির কারণে উক্ত ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব সদস্যপদ স্থগিত (Ceased) হয়ে যাবে।

সুতরাং আগামী ৩০ এপ্রিল, ২০২৪ এর মধ্যে রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন- ২০২৪ বাবদ বিলম্ব ফি সহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যোগে রিহাব (REHAB) “হিসাব বিভাগ”-এ জমার অনুরোধ জানাচ্ছি।

ইতঃমধ্যে মেম্বারশীপ সাবস্ক্রিপশন-২০২৪ পরিশোধ করা থাকলে এই পত্রটি উপেক্ষা করুন।

ধন্যবাদান্তে

লিয়াকত আলী ভূইয়া

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

রিহাব

অনুলিপি :

১। প্রশাসন বিভাগ/হিসাব বিভাগ, রিহাব।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. Tel : (+88-02) 9614606, 9614607, 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org
Chattogram Regional Office : SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com. Tel : 02334451441, 02334453884, 02334453885

